দৈনিক বাংলা

তারিখ ...16 MAY 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪......

15

# রেজিস্ট্রেশন কেলেঙ্কারীঃ যশোর বোর্ডের ছয় কর্মচারী সাসপেন্ড

স্টাফ রিপোর্টার ঃ যশোর, ১৫ মে।– রেজিস্ট্রেশন কেলেঙ্কারি ও দুর্নীতির সঙ্গে জড়িত থাকায় যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ তার ছয়জন কর্মকর্তা ও কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করেছে। এরা হলেন উপপরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) আমীর হোসেন, উপ–বিদ্যালয় পরিদর্শক কাজী আলিয়ার রহমান, নিবন্ধন সহকারী রেজাউল ইসলাম ও হুমায়ুন কবীর এবং মাধ্যমিক সহকারী মোজাম্মেল হক ও আমিনুল ইসলাম। এই ছয়জনের মধ্যে কাজী আলিয়ার রহমান কয়েকদিন আগে অবসর নেয়ায় তার অবসরকালীন ভাতা বন্ধ করে দেয়া হয়েছে। সোমবার এদের বিরুদ্ধে এই ব্যবস্থার আদেশ দেয়া হয়। মঙ্গলবার থেকে তা কার্যকর হবে।

উল্লেখ্য, যশোর শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার আগে এই সমস্ত কর্মকর্তা–কর্মচারী কিছু মাধ্যমিক শিক্ষকের সহযোগিতায় হাজার হাজার ছাত্র–ছাত্রীকে ভুয়া রেজিস্ট্রেশন দেয়। এরা যথারীতি পরীক্ষার আবেদন করে। পরে দৈনিক বাংলাসহ অন্যান্য পত্র–পত্রিকায় সংবাদ প্রকাশিত হলে শিক্ষা বোর্ড পৃথক পৃথক তদন্ত চালায়। প্রায় ১৫ হাজার পরীক্ষার্থী ভুয়া হিসাবে চিহ্নিত করে তাদের পরীক্ষার আবেদন বাতিল করা হয়।